# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَحَضَرَ الْأَضْحَى فَاشْتَرَكْنَا فِي الْبَقَرَةِ سَبْعَةٌ وَفِي الْبَعِيرِ عَشَرَةٌ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غريبٌ

### বাংলা

১৪৬৯-[১৭] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা এক সফরে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। তখন কুরবানীর সময় উপস্থিত হলো। আমরা তখন এক গরুতে সাতজন ও এক উটে দশজন করে (কুরবানীতে) অংশীদার হলাম। (তিরমিযী, নাসায়ী, ইবনু মাজাহ; ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি হাসান গারীব।)[1]

### ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ১৫০১, নাসায়ী ৪৩৯২, ইবনু মাজাহ্ ৩১৩১, ইবনু খুযায়মাহ্ ২৯০৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আর হাদীসে দলীল বিদ্যমান যে, উটে দশ জন করে অংশগ্রহণ করা বৈধ। কুরবানীতে ইসহাক ও ইবনু খুযায়মাহ্ এ মতে রায় দিয়েছেন। আর সত্য যে, এটা জমহূরের বিপরীত। তারা বলেন, এটি মানসূখ তথা রহিত হয়েছে যা সুস্পষ্ট।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56029

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন